**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 29-04-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিল্লির ভারত মণ্ডপে YUGM কনক্লেভে অংশগ্রহণ করবেন। YUGM অর্থ সংস্কৃতে সঙ্গম। এটি এমন একটি প্রথম কৌশলগত কনক্লেভ যেখানে সরকার, শিক্ষাবিদ, শিল্প এবং উদ্ভাবনী ক্ষেত্রে নেতৃত্বরা উপস্থিত থাকবেন। এই উদ্যোগ দেশের উদ্ভাবন যাত্রায় অবদান রাখবে, যা ওয়াধওয়ানি ফাউন্ডেশন এবং সরকারি প্রতিষ্ঠানগুলির যৌথ বিনিয়োগে প্রায় এক হাজার ৪০০ কোটি টাকার একটি সহযোগিতামূলক প্রকল্প দ্বারা পরিচালিত হবে।

***************************

**Power Minister :**

সোলার গ্রাম করার লক্ষ্যে মোহনপুর রাঙ্গাছড়া গ্রামের ৭২৯ পরিবারকে গতকাল সোলার প্যানেল লাইট প্রদান করা হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ। তিনি বলেন সরকারের লক্ষ্য গ্রীন এনার্জিকে শক্তিশালী করা। তিনি সুবিধাভোগীদের হাতে সম্পূর্ণ বিনামূল্যে সোলার প্যানেল লাইট তুলে দেন। পুনর্নবীকরণ শক্তি উন্নয়ন সংস্থা উদ্যোগে ও মোহনপুর ব্লকের আর্থিক সহায়তায় এই সোলার প্যানেল লাইট প্রদান করা হয়।

***************************

**Padma Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নতুনদিল্লির রাষ্ট্রপতি ভবনে আয়োজিত পদ্ম পুরষ্কার প্রদান করেন। দেশের সর্বোচ্চ অসামরিক পুরস্কারগুলির মধ্যে একটি পদ্ম পুরষ্কার পদ্ম বিভূষণ, পদ্মভূষণ এবং পদ্মশ্রী এই ৩টি বিভাগে প্রদান

করা হয়। রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদ অরুণোদয় সাহাও গতকাল রাষ্ট্রপতির হাত থেকে পদ্মশ্রী পুরস্কার গ্রহণ করেন।

***************************

**Finance Minister targets 1 billion UPI transaction :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামী দুই থেকে তিন বছরের মধ্যে প্রতিদিন এক বিলিয়ন ইউপিআই লেনদেনের লক্ষ্য অর্জনের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। তিনি আন্তঃপরিচালনযোগ্য কাঠামোর উন্নয়নের মাধ্যমে UPI-এর আন্তর্জাতিকীকরণ ত্বরান্বিত করার গুরুত্বের উপর জোর দেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী গতকাল নতুন দিল্লিতে ইউনিফাইড পেমেন্টস ইন্টারফেস (ইউপিআই) ইকোসিস্টেমের বিভিন্ন দিক এবং ভবিষ্যৎ পরিকল্পনা পর্যালোচনা বৈঠকে সভাপতিত্ব করেন।

****************************

**FINANCIAL AWARENES MATABARI :**

রাজ্যের বেকার যুবক যুবতীদের আর্থিকভাবে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নিয়ে গতকাল মাতাবাড়ি ব্লকের B.D.O অফিসের কনফারেন্স হলে এক বিশেষ আর্থিক স্বাক্ষরতা শিবির অনুষ্ঠিত হয়।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার মানি ওয়াইজ প্রকল্পের মাধ্যমে PNB NABARD-এর আর্থিক সহযোগিতায় এবং বাগমা এগ্রি প্রডিউসার কোম্পানি লিমিঃ এর তত্বাবধানে এই শিবির অনুষ্ঠিত হয়।

******************************

**Aadhar authentication transaction :**

ভারতে ক্রমবর্ধমান ডিজিটাল আস্থার প্রতিফলন ঘটিয়ে, আধার প্রমাণীকরণ লেনদেন ২০২৪-২৫ অর্থবছরে ২ হাজার ৭০৭ কোটি টাকারও বেশি বেড়েছে। ইউনিক আইডেন্টিফিকেশন অথরিটি অফ ইন্ডিয়া (UIDAI) তার প্রমাণীকরণ পরিষেবা, বিশেষ করে ফেস প্রমাণীকরণ গ্রহণে উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ্য করেছে, যা বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য আকর্ষণ অর্জন করেছে।

এক বিবৃতিতে, ইলেকট্রনিক্স এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী বলেছেন যে এই ক্রমবর্ধমান গ্রহণের পাশাপাশি ২০২৫ সালের মার্চ মাসে রেকর্ড ৪৪.৬৩ কোটি ই-কেওয়াইসি লেনদেন সম্পন্ন হয়েছে। UIDAI-এর প্রচেষ্টা এবং প্রযুক্তিগত উদ্ভাবনের স্বীকৃতিস্বরূপ, কর্তৃপক্ষকে সম্প্রতি জনপ্রশাসনে উৎকর্ষতার জন্য প্রধানমন্ত্রীর পুরষ্কারে ভূষিত করা হয়েছে।

**************************

**Waves of India :**

মুম্বাইতে অনুষ্ঠিতব্য ওয়েভস ২০২৫-এর প্রথম দিনে, পয়লা মে, ওয়েভস অফ ইন্ডিয়া নামে একটি বিশেষ অ্যালবাম প্রকাশিত হতে চলেছে। এই বিশেষ অ্যালবামটি তৈরি করতে পাঁচটি স্বতন্ত্র সঙ্গীত শৈলী একত্রিত হয়েছে। অ্যালবামে মোট পাঁচটি গান থাকবে। কানেক্টিং ক্রিয়েটরস, কানেক্টিং কান্ট্রিজ শিরোনামের ট্র্যাকটি অস্কার-বিজয়ী সুরকার এম. এম. কিরাভানি সুর করেছেন। একাডেমি পুরস্কারপ্রাপ্ত সুরকার এ. আর. রহমান সুর করেছেন সত্যম শিবম সুন্দরম। বিখ্যাত গায়ক-সুরকার শঙ্কর মহাদেবন এবং গীতিকার প্রসূন যোশী "ওঞ্চা আসমান" গানটিতে সহযোগিতা করেছেন। তিনবার গ্র্যামি পুরস্কারপ্রাপ্ত রিকি কেজ সিম্ফনি অফ ইন্ডিয়া তৈরি করেছেন, অন্যদিকে দেশি পপের পথিকৃৎ হিসেবে বিবেচিত মিট ব্রোস অ্যালবামের পঞ্চম গানটি সুর করেছেন, যার নাম শুভরম্ভ, হাই ইন দ্য স্কাই।

************************

**Promotion of Hindi language :**

কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং জোর দিয়ে বলেছেন সরকারি কাজে হিন্দি ভাষার প্রচার কেবল কয়েকটি বিভাগের দায়িত্ব নয়, বরং সমগ্র সমাজের একটি সম্মিলিত কর্তব্য। গতকাল নয়াদিল্লিতে কর্মী, জনঅভিযোগ এবং পেনশন মন্ত্রক আয়োজিত হিন্দি সালাহকার সমিতির এক সভায় ভাষণ দেওয়ার সময় তিনি এই মন্তব্য করেন। মন্ত্রী শ্রী সিং হিন্দির ব্যবহার সম্প্রসারণে উল্লেখযোগ্য অগ্রগতির কথা তুলে ধরেন।

****************************

**Sahityo Mela :**

ত্রিপুরা রবীন্দ্র পরিষদের ৬৪তম বার্ষিক সাহিত্য মেলা গতকাল থেকে শুরু হয়েছে। চলবে ৬ই মে পর্যন্ত। আগরতলার সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহে এই সাহিত্য মেলা উদ্বোধন করেন উড়িষ্যা হাইকোর্টের অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতি শুভাশিস তলাপাত্র। অনুষ্ঠানে এবছর রসিক রঞ্জন দেব স্মৃতি পুরস্কার প্রদান করা হয় গীতিকার ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সুবিমল ভট্টাচার্য কে। এছাড়া সুনীলা দেবী স্মৃতি পুরস্কার প্রদান করা হয় অরবিন্দ শ্রীমা আশ্রম ট্রাস্টের প্রতিষ্ঠাতা ও পরিচালক কল্যাণ দাশগুপ্ত কে। অনুষ্ঠানে মগ, ককবরক, বাংলা মণিপুরী, বিহারী অসমীয়া, ভাষায় সংগীত ছাড়াও নৃত্য পরিবেশন করেন শিল্পীরা।

****************************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে এক সতর্ক বার্তায় জানানো হয়েছে, পশ্চিম, সিপাহীজলা ও খোয়াই জেলায় বজ্র বিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। কিছু কিছু স্থানে বজ্রবিদ্যুৎ-সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২০ ডিগ্রি সেলসিয়াস।

****************************